


# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা

বর্ষ ০১, সংখ্যা ০১, জুলাই-সেপ্টেম্বর, ২০২১






*স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি লিঃ (ইজিসিবি) এর পক্ষ থেকে বিদ্যুৎ ভবনে ও ইজিসিবি লিঃ এর কর্পোরেট অফিসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়*

## জাতীয় শোক দিবস উপলক্ষে ইজিসিবি'র ভার্চুয়াল আলোচনা ও দোয়া মাহফিল

স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি লিঃ (ইজিসিবি) এর কর্পোরেট অফিসে নির্মিত বঙ্গবন্ধু কর্ণারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করা হয় এবং জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

ভারচুয়াল আলোচনা সভায় ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান মহোদয় , ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, নির্বাহী পরিচালকগন ও ইজিসিবি লিঃ এর অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগন সংযুক্ত ছিলেন। সভা শেষে ১৫ আগস্টে শহীদ সকলের জন্য দোয়া করা হয়।



*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি লিঃ (ইজিসিবি) ভার্চুয়াল আলোচনা ও দোয়া মাহফিল।*

## জাতীয় শোক দিবসে দুঃস্থ ও অসহায়দের মাঝে ইজিসিবি'র পক্ষ হতে ত্রাণ বিতরণ

১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে করোনাকালীন দুঃসময়ে ইজিসিবি লিঃ এর পক্ষ হতে দুঃস্থ ও অসহায়দের মাঝে ত্রাণ বিতরণের আয়োজন করা হয়।

নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ এবং বন্দর থানাস্থ ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্র এলাকাসমূহে দুস্থ ও অসচ্ছল প্রায় ২,০০০ পরিবারকে খাদ্যসামগ্রী বিতরণের মাধ্যমে সহায়তা প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক, সিদ্ধিরগঞ্জ ৩৩৫মেঃওঃ সিসিসিপি, সিদ্ধিরগঞ্জ ২X১২০ পিপিপি এবং হরিপুর ৪১২ মেঃওঃ সিসিসিপি এর কর্মকর্তা ও কর্মচারীগণ। ত্রাণ বিতরণ শেষে ১৫ আগস্টে শহীদ সকলের জন্য দোয়া করা হয়।




*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিসিপি বিদ্যুৎ কেন্দ্রে ত্রাণ বিতণের একাংশ।*

## হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের তৃতীয় কম্বাশন ইন্সপেকশন সম্পন্ন

ইজিসিবি'র নারায়ণগঞ্জের হরিপুরে অবস্থিত ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের এর গ্যাস টারবাইনের তৃতীয় কম্বাশন ইন্সপেকশন ২৪ জানুয়ারী ২০২১ হতে ০৪ ফেব্রুয়ারী ২০২১ পর্যন্ত সম্পন্ন হয়। এ সময় যথাযথ স্বাস্থ্যবিধি এবং নিরাপত্তা অনুসরণ করে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং কর্মচারীগণ উপস্থিত থেকে ইন্সপেকশন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেন।





*হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের তৃতীয় কম্বাশন ইন্সপেকশন সম্পন্ন*

## সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের পিআইসি সভা অনুষ্ঠিত

২১/০৯/২০২১ তারিখ মঙ্গলবার বিকাল ০৪.৩০ ঘটিকায় ইজিসিবি লিঃ এর সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের প্রজেক্ট ইম্প্লিমেন্টেশন কমিটি (পিআইসি) এর চতুর্থ সভা অনলাইনে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন পিআইসি'র চেয়ারপারসন ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি। সভায় প্রকল্পের সার্বিক অগ্রগতি ও আনুষঙ্গিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।




*সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের চতুর্থ পিআইসি সভার একাংশ*

উক্ত সভায় উপস্থিত ছিলেন তানিয়া খান, যুগ্মসচিব, পরিকল্পনা-২, বিদ্যুৎ বিভাগ; ইব্রাহীম আহমদ শাফী আল মোহতাদ, প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ইজিসিবি; মোহাম্মদ আশরাফুল ইসলাম, পরিচালক (উপসচিব), আইএমইডি; মোহাম্মদ জাকির হোসেন, উপ-সচিব, বাজেট-১৫, অর্থ বিভাগ; রোকেয়া খাতুন, উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; মাকসুদা খন্দকার, উপসচিব, পরিকল্পনা-৪ শাখা, বিদ্যুৎ বিভাগ; তাহমিনা তাছলীম, উপপ্রধান, একনেক অধিশাখা, পরিকল্পনা বিভাগ; মোহাম্মদ নাহিদুল করিম, সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন এবং প্রকল্পের উপপ্রকল্প পরিচালক ও প্রকল্প পরিচালক মহোদয়।

## হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন




*হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন*

ইজিসিবি'র হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের ৬ষ্ঠ ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে সম্পন্ন হয়। এ সময় উপস্থিত ছিলেন ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক (ওএন্ড এম), বিউবো এর আইপিপি সেল ও কোম্পানী এফেয়ার্স এর কর্মকর্তা এবং বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ।

## ইজিসিবি'র সেপ্টেম্বর'২১ মাসের মাসিক সমন্বয় সভা এবং অন্যান্য মাসিক সভা অনুষ্ঠিত

০৮/০৯/২০২১ তারিখে ইজিসিবি'র মাসিক সমন্বয় সভা, প্রকল্পের অগ্রগতি সভা, এপিএ সংক্রান্ত সভা, নিরাপত্তা বিষয়ক সভা, সুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভা এবং অডিট ও আর্থিক বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক বর্ণিত সভাসমূহে সভাপতিত্ব করেন। সভায় ইজিসিবি'র নির্বাহী পরিচালকগণ, প্রধান প্রকোশলী ও মহাব্যবস্থাপকগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার কর্মসূচীঃ-

| ক্রমিক নং | সভার নাম | আয়োজক বিভাগ/শাখার নাম | সভার সময়কাল | সময়সূচী |
|---|---|---|---|---|
| ১। | মাসিক সমন্বয় সভা (বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ) | পিএন্ডডি | মাসিক | সকাল ১০:০০ ঘটিকা |
| ২। | প্রকল্পের অগ্রগতি বিষয়ক সভা | পিএন্ডডি | মাসিক | সকাল ১১:৩০ ঘটিকা |
| ৩। | এপিএ সংক্রান্ত সভা | পিএন্ডডি | মাসিক | দুপুর ১২:০০ ঘটিকা |
| ৪। | নিরাপত্তা বিষয়ক সভা | এইচআর | মাসিক | দুপুর ১২:৩০ ঘটিকা |
| ৫। | শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভা | এইচআর | ত্রৈমাসিক | দুপুর ০২:০০ ঘটিকা |
| ৬। | অডিট ও আর্থিক বিষয়ক সভা | অডিট | মাসিক | দুপুর ০২:৩০ ঘটিকা |

*ইজিসিবি'র সেপ্টেম্বর'২১ মাসের বিভিন্ন মাসিক সভা অনুষ্ঠিত*

## যাঁদের হারিয়েছি

জনাব মোঃ ইলিয়াস ঢালী, গাড়ী চালক (গ্রেড-৪), কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা সড়ক দূর্ঘটনায় মারাত্মক আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকায় গত ০৫ জুলাই ২০২১ তারিখ রাত্রি ২:০০ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, স্টোর কিপার (গ্রেড-৩), সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি, ইজিসিবি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে প্রশান্তি হসপিটাল, শান্তিবাগ, আউটার সার্কুলার রোড, ঢাকায় গত ২১ মে ২০২০ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।